

উবুন্টুতে বাংলা লিখতে হলে

মো: আমিনুল ইসলাম সজীব

লিনাক্সভিত্তিক অপারেটিং সিস্টেম বিশ্বব্যাপী দিন দিন জনপ্রিয় হয়ে উঠছে। বিনামূল্যে ব্যবহারের সুবিধা, ইচ্ছামতো পরিবর্তনের অধিকার, ভাইরাসের কম দৃষ্টিভঙ্গসহ নানা কারণে লিনাক্স কার্যপের ওপর ভিত্তি করে তৈরি বিভিন্ন ডিস্ট্রো ব্যবহারকারীদের মন জয় করে নিচ্ছে দ্রুত। বলাবাহুল্য, লিনাক্সের অন্যতম সুবিধা হচ্ছে এর লোকলাইজেশন। বিশ্বের প্রায় প্রধান প্রধান ভাষায় লিনাক্সের বিভিন্ন ডিস্ট্রো- মূলত লিনাক্স মিন্ট ও উবুন্টু পাওয়া যায়। বাংলাদেশেও উবুন্টু ও লিনাক্সের জনপ্রিয়তা বৃদ্ধির অন্যতম কারণ এটি। বিনামূল্যের এই অপারেটিং সিস্টেমে শুরু থেকেই মাতৃভাষা বাংলা ব্যবহার করার সুবিধা রয়েছে।

লিনাক্সের এই দুই প্রধান ডিস্ট্রোগুলোতে বাংলা দেখার পাশাপাশি বাংলা লেখারও সুবিধা রয়েছে। উইন্ডোজ যেমন আলাদা কোনো সফটওয়্যার ইনস্টল করে নিতে হয়, লিনাক্সে প্রায় সময়াই ততোটা কাজ করতে হয় না। মূলত লিনাক্সভিত্তিক জনপ্রিয় অপারেটিং সিস্টেম উবুন্টুর আগেকার সংস্করণগুলোতে বাংলা লেখার জন্য ইউনিকোড, প্রভাত ইত্যাদি কিবোর্ড সেটআপ থাকত। তাই উবুন্টু ইনস্টল করার পর কমপিউটার থাকত বাংলা লেখার জন্য তৈরি।

কিন্তু উবুন্টুর সাম্প্রতিক কিছু সংস্করণ থেকে ল্যাঙ্গুয়েজ ফাইলগুলোকে বাদ দেয়া হয়েছে। এর কারণ, একটি নির্দিষ্ট ধারণক্ষমতার মধ্যে সম্পূর্ণ অপারেটিং সিস্টেমকে রাখতে গিয়ে ডেভেলপাররা বাধ্য হয়েছেন ল্যাঙ্গুয়েজ ফাইলগুলোকে বাদ দিতে। কেননা, বেশিরভাগ মানুষই ইংরেজি ভাষায় অপারেটিং সিস্টেম ব্যবহার করেন ও মাতৃভাষী কাজকর্ম সম্পাদনা করে থাকেন। তবে যদি বাংলা লিখতে চান, তাহলে খাবত্বানের কিছু নেই। খুব সহজ কয়েকটি ধাপের মধ্য দিয়ে উবুন্টুতে ফিরিয়ে আনতে পারবেন ইনপুট সিস্টেম, যাতে করে আপনি আবার কমপিউটারে বাংলা লিখতে পারেন।

এ লেখার উবুন্টু ১১.০৪ ন্যূনি ভারসরিয়েল কিন্তুরে আইবাসের মাধ্যমে বাংলা লিখতে হয়, তা নিচে উপস্থাপন করা হয়েছে।

ইনস্টল

প্রথমেই উবুন্টু সফটওয়্যার সেন্টার চালু করুন। এটি ইউনিকোড ডেস্কটপে বামদিকের লগোকেই খুঁজে পাবেন। অসুখায় অ্যাপ্লিকেশন মেনু থেকে সব শেষের মেনুটিই সফটওয়্যার সেন্টার।

সফটওয়্যার সেন্টার চালু হলে ওপরের ডানদিকের সার্চ বক্সে লিখুন mlnibus। এবার দেখবেন এম১৭এন ইন্ডিনটি ইনস্টল করার ফলে বাড়তি

একটি প্যাকেজ আসবে। এটি ইনস্টল করা না থাকলে ইনস্টল বাটনটি দেখাবে। ইনস্টল বাটনে ক্লিক করে সিস্টেমের পাসওয়ার্ড দিন। উল্লেখ্য, এটি ইন্টারনেট থেকে ডাউনলোড হবে, তাই এ সময় ইন্টারনেটের সাথে যুক্ত থাকা বাধ্যনীয়। যদি ইতোমধ্যেই এটি ইনস্টল করা থাকে, তাহলে সফটওয়্যার সেন্টারটি বন্ধ করে বেরিয়ে আসুন।

আইবাস সেটআপ

আইবাস হচ্ছে উবুন্টুর সাথে আসা একটি কিবোর্ড ইনপুট মেথড। উবুন্টুতে আইবাস ডিফল্ট অবস্থায়ই ইনস্টল করা থাকে। তবে এম১৭এন ইন্ডিনটি ইনস্টল করার ফলে বাড়তি



কিছু কিবোর্ড লেআউট আইবাসে যুক্ত হয়। এ পরিচরে কার্যকর লেআউটটি আইবাসে যুক্ত করতে হবে। এ জন্য ওপরের বাম কোণের উবুন্টু লোগোতে ক্লিক করুন। উবুন্টু ড্যাশ ওপেন হবে। এখানে সার্চ বক্সে লিখুনibus এবং কিবোর্ড ইনপুট মেথড নামের অধিকারিত্তে ক্লিক করুন। কিছু ডায়ালগ বক্স আসতে পারে। এগুলোতে ইয়েস অর্থাৎ ওকে করুন। অবশেষে আইবাসের উইন্ডোটি আসবে।

আইবাস উইন্ডোতে ইনপুট মেথডের নামে একটি ট্যাব আছে। আপনাকে সেই ট্যাব থেকেই কিবোর্ড লেআউট মেনু করতে হবে। ইনপুট মেথড ট্যাবটি সিলেক্ট করে ড্রপডাউন মেনু থেকে বাংলাতে ক্লিক করুন। ফাইলটি মেনুতে বেশ কিছু বাংলা লেআউট পেয়ে যাবেন। এগুলোর মধ্যে রয়েছে ইনক্রিট, ইটাল, প্রভাত এবং ইউনিকোড। পছন্দসই লেআউটটি ক্লিক করে ডানদিকের আট বাটনে ক্লিক করুন। এবার আপনকে কার্যকর লেআউটটি আইবাসে যুক্ত হয়ে গেল।

এবার বাংলা লেখা শুরু করার আগে আইবাস একবার রিস্টার্ট করে নিতে হবে। ওপরের ট্যাববারের ডানদিক থেকে কিবোর্ড আইকনে ক্লিক করে রিস্টার্টে ক্লিক করলেই আইবাস রিস্টার্ট হবে। এরপর কন্ট্রোল চেপে স্পেসবার চাপলেই আপনি একবার ইংরেজি ও একবার বাংলা এভাবে কিবোর্ড লেআউটের মধ্যে সুইচ করতে পারবেন।

তবে প্রতিবার সিস্টেম রিস্টার্ট করার পর আপনাকে নিজে নিজে আইবাস চালু করে নিতে হবে, অন্যথায় বাংলা লিখতে পারবেন না। স্টার্টআপ অ্যাপ্লিকেশনে আইবাস যোগ করে দেয়া সম্ভব, কিন্তু এতে কিছু বাড়তি বায়েলার সৃষ্টি হবে। যেমন- আইবাস চালু করার পর যে ডায়ালগ বক্স ও মেসেজ বক্সগুলো আসে এগুলো প্রতিবার সিস্টেম স্টার্টআপে আসবে, যা একসময় বেশ বিরক্তিকর হয়ে দাঁড়াবে। আপনাকে যদি প্রায়ই বাংলা লিখতে হয়, তাহলে পুরো সিস্টেম কিবোর্ড লেআউট হিসেবে আইবাস সিলেক্ট করে নিতে পারেন। এতে করে আপনার কমপিউটারে সবসময় আইবাস সক্রিয় থাকবে। যখন প্রয়োজন ইচ্ছামতো বাংলা ও ইংরেজি লেআউটে সুইচ করতে পারবেন শুধু কন্ট্রোল + স্পেস চেপেই। আসুন দেখে নেয়া যাক, কিভাবে আইবাসকে সিস্টেমের ডিফল্ট ইনপুট মেথড হিসেবে সেট করতে হয়।

প্রথমে উবুন্টু লোগোতে ক্লিক করুন। ড্যাশ ওপেন হলে সার্চবক্সে লিখুন Language support এবং অ্যাপ্লিকেশনটি চালু করুন। এবারও একটি ডায়ালগ বক্স আসতে পারে, সেখানে রিমাইন মি লেটার বাটনে ক্লিক করুন। এবার ল্যাঙ্গুয়েজ সাপোর্ট উইন্ডোর শেষের দিকে একটি সেখান ড্রপডাউন মেনু রয়েছে, যার আগে লেখা আছে Keyboard input method system। এবার আইবাস সিলেক্ট করে ক্লিক করে বেরিয়ে আসুন। এর ফলে কমপিউটারে রিস্টার্ট করলেও আইবাস সবসময় সক্রিয় থাকবে।

উল্লেখ্য, যে লেআউটই ব্যবহার করুন না কেন, সবসময়ই ইউনিকোডে বাংলা টাইপ হবে। তাই আপনি সরাসরি ইন্টারনেটে লিখতেও এই লেআউট ব্যবহার করতে পারবেন। তবে ওয়ার্ড প্রসেসর বা মেইলপ্যাড জাতীয় ফাইলে বাংলা লিখলে তা পরে উইন্ডোজ অপারেটিং সিস্টেম বিজয় কিবোর্ডে কাজ করবে না। কেননা, উবুন্টুতে আইবাস ব্যবহার করে আসবিত্তে বাংলা লেখা হয় না, বরং ইউনিকোডে বাংলা লেখা হয়। তবে বিজয়ের ইউনিকোড সমর্থিত সফটওয়্যার থাকলে কোনো সমস্যা ছাড়াই এই ফাইলে কাজ করা যাবে।

কিডব্যাক : sajib@aisjournal.com